গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ এপ্রিল ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১০ এপ্রিল ২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি ডা:সম্রাট কিশোর পোদ্দার জানান যে, হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে প্রাকৃতিক দুর্যোগসহ অন্যান্য কারণে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে জেনারেটর চালু করার আগ পর্যন্ত অপারেশন থিয়েটার, জরুরী বিভাগ এবং শিশু ওয়ার্ডে তাৎক্ষণিক বিদ্যুতের প্রয়োজন হয়। কিন্তু হাসপাতালে বিকল্প কোন ব্যবস্থা না থাকায় তাৎক্ষণিক বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয় না। কিন্তু আইপিএস থাকলে বিদ্যুৎ চলে যাওয়ার সাথে সাথে আইপিএস চালু হয়ে লাইট জ্বলে উঠে ফলে তাৎক্ষণিক কার্যক্রম পরিচালনা সহজ হয়। এমতাবস্থায়, ডা:সম্রাট কিশোর পোদ্দার বলেন, উপজেলা পরিষদ থেকে একটি আইপিএস সরবরাহ করা হলে স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে জনসাধারণকে নিরবিচ্ছিন্ন সেবা প্রদান সম্ভব হবে। | বিস্তারিত আলোচনান্তে সাধারণ জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাত হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য আইপিএস ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, বোরো ধান আগামী ১৩/০৪/২০২৫ তারিখ থেকে কর্তন শুরু হবে। আউশ প্রণোদনা খুব তাড়াতাড়ি আসবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষকরা যাতে তাড়াতাড়ি ফসল ঘরে তুলতে পারে সেদিকে বিশেষ নজর দেয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা কৃষি কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বেকার শিক্ষিত যুবক যুবতীদের প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, হাইল হাওরে ১ (এক) মাস মাছ ধরা যাবে না। মাছ ধরলে মা মাছের ক্ষতি হবে। বিভিন্ন জলমহালে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে জোর তৎপরতা চালানো হচ্ছে।<br>তাছাড়া মৎস্য খামার, মৎস্য হ্যাচারী, খাদ্যের দোকান নিয়মিত পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম চলমান আছে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নিবাহী অফিসার বলেন, মাছ ধরা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাইকিং এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ দিয়ে বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণা চালিয়ে যাওয়ার অনুরোধ জানান। | মাছ ধরা বন্ধের জন্য মোবাইল কোর্টের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |

<table>
<tr><td>০৫</td><td>এলজিইডি</td><td>সভায় উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিধিমতে প্রকল্পগুলো প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br><u>প্রকল্পের তালিকা নিম্নরূপ</u><br>
<table>
<tr><th>ক্র.নং</th><th>কাজের নাম</th><th>ইউনিয়ন</th><th>কাজের মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>৭নং ওয়ার্ড দক্ষিণ পাচাউন কালির ফুলের পশ্চিমে গাইডওয়াল নির্মাণ।</td><td>মির্জাপুর</td><td>১০০০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>৯নং ওয়ার্ড বৈলাশীর গ্রামে মানিক মেম্বার এর বাড়ি যাওয়ার রাস্তায় ইট সলিং করণ ও ২নং ওয়ার্ড রায়পরান গ্রামে রঞ্জিত বাবুর বাড়ির যাওয়ার রাস্তায় কালভার্ট নির্মাণ।</td><td>মির্জাপুর</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>শ্রীমঙ্গল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ড সবুজবাগ এলাকায় অবস্থিত শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারীর মন্দির রক্ষার্থে গাইডওয়াল নির্মাণ।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>শ্রীমঙ্গল ৯নং ওয়ার্ড দক্ষিণ উত্তরসুর সুবোধ দাসের বাড়ীর সামনে ছড়ার উপর কালভার্ট নির্মাণ। লক্ষ টাকা।</td><td>০৩নং শ্রীমঙ্গল</td><td>১৫০০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>সিন্দুরখান ডোবাগাঁও পালপাড়া রাস্তার সম্মুখে গাইডওয়াল নির্মাণ।</td><td>৪নং সিন্দুরখান</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>আশিদ্রোণ ইউনিয়ন অফিস সংযোগ রাস্তার ছড়ার পাশে প্রতিরক্ষা বাঁধ নির্মাণ।</td><td>৬নং আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৭</td><td>বলিলপুর স্কুল ঘর সংলগ্ন ভৈরবস্থলী থেকে সমীর দাশের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং।</td><td>৬নং আশিদ্রোণ</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৮</td><td>হুগলীছড়া চা বাগান ১১নং বস্তি টিপু টিলার সামনে রাস্তায় গাইডওয়াল নির্মাণ।</td><td>সাতগাঁও</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td>০৯</td><td>পর্যটনের উৎকর্ষ সাধনে পরিবহন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান</td><td>শ্রীমঙ্গল</td><td>২০০০০০.০০</td></tr>
<tr><td></td><td></td><td>মোট</td><td>১৬৫০০০০.০০</td></tr>
</table>
<br>সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান, উপজেলা আবাসিক উত্তরা ভবনে ২য় তলার একটি ইউনিটের ছাদ কষে পড়ে যাচ্ছে, দরজা, জানালা ভাঙ্গা সেগুলো মেরামতের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>২। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রত্যেকটি ইউনিয়নে রাস্তার পাশে সোলার স্টিট লাইট স্থাপন করা হয়েছিল। তার মধ্যে অনেকগুলো লাইট অচল আছে। সেগুলোকে সচল করার জন্য ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দকে সচল করার অনুরোধ জানান।<br>এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। বিস্তারিত আলোচনান্তে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বর্ণিত প্রকল্প কাজগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। উপজেলা পরিষদের উত্তরা আবাসিক ভবনের ছাদ, দরজা, জানালা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>০৬</td><td>শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>প্রাথমিক বিদ্যালয়গুলোকে চুরি রোধকল্পে দপ্তরী কাম নৈশপ্রহরীগণ স্কুলে উপস্থিত থাকে যেদিক নজর রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার</td></tr>
<tr><td>০৭</td><td>দুর্যোগ ও ত্রাণ বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, টিআর ও কাবিখা প্রকল্পের আওতায় ১ম ও ২য় কিস্তির বরাদ্দকৃত অর্থ হতে ৫০% বিল পরিশোধ করা হয়েছে। ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। অতিদরিদ্র প্রকল্পের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। তাছাড়া ৪০ দিনের কর্মসূচি প্রকল্প কাজের শ্রমিকদের মজুরি রকেটের মাধ্যমে দেয়া হচ্ছে। তালিকা হালনাগাদ করণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাটির কাজ পরিদর্শনক্রমে যাচাই বাছাইকরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদান অনুরোধ জানান।</td><td>শ্রমিকের তালিকা হালনাগাদ করণের জন্য ইউপি চেয়ারম্যান ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>০৮</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ইনজেকশন প্রচুর রয়েছে কিন্তু সিরিঞ্জ পর্যাপ্ত না থাকার ফলে কর্মক্ষেত্রে কিছু বাধার সম্মুখীন হচ্ছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান।<br><br>এছাড়া তিনি আরো বলেন, সাতগাঁও ইউনিয়ন স্বাস্থ্য সেন্টারের পাশে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিবিধ খাত হতে সিরিঞ্জ ক্রয়ের জন্য ২০০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পরীক্ষাজনিত কারণে অনুপস্থিত থাকায় মাধ্যমিক শিক্ষা বিভাগের তথ্য পাওয়া যায়নি । আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।</td><td>-</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতাঅয় চলতি ২০২৪-২৫ অর্থবছরে জনপ্রতি ৬০০০/- (ছয় হাজার) টাকা করে ১০৬৫০/- (দশ হাজার ছয়শত পঞ্চাশ) জন চা শ্রমিককে এককালীন অনুদান প্রদান করা হবে। ইউপি চেয়ারম্যান, ম্যানেজার ও পঞ্চায়েত প্রদানের স্বাক্ষরকৃত তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা সভায় উপস্থাপন করা হয়। প্রাপ্ত তালিকা সঠিক আছে তিনি আজকের সভায় মাধ্যমে তালিকা অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করেন। উপস্থিত সকলের সম্মতিক্রমে প্রাপ্ত তালিকা অনুমোদিত হয়। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২৪-২৫ অর্থবছরের চা শ্রমিকদের জীবন মান উন্নয়নে ১০৬৫০ জন চা শ্রমিকের তালিকা অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, ৪টি প্রকল্পের ৪টি সমিতির মোট ২৫জন সদস্যের মাঝে মোট ১৪.৬৯ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। গত মাসে মোট ১৬.৮০ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম সক্রিয় রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিতজনিত কারণে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি আগামী সভায় উপসিথত থাকার জন্য বলা হলো। | - | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনের ফলে সভায় অনুপস্থিত, আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, পৌরসভার ২টি কেন্দ্রে ওএমএস এর চাল বিক্রয় চলমান রয়েছে। এপ্রিল/২০২৫ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ আগামী ২০/০৪/২০২৫খ্রি: তারিখের পর শুরু হবে।<br>এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনজনিত কারণে অনুপস্থিত। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | - | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত "শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন " অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প -এর কাজ শেষ হয়েছে। এবং উক্ত উপ-প্রকল্পের কাজ পরিদর্শন করে, কাজ সমাপ্তীকরণ সার্টিফিকেট প্রদানপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার-এর প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক মহোদয় বরাবর পাঠানো হয়েছে। | প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক বিল অনুমোদিত হলে সংশ্লিষ্ট ঠিকাদার-কে বিল প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ১৮ | উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় প্রায় ৩৮টি মরা, ঝড়ে উপড়ে পড়া, বিনষ্টযোগ্য ঝুকিপূণ বিনষ্টযোগ্য গাছ নিলামে বিক্রয় | উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় প্রায় ৩৮টি মরা, ঝড়ে উপড়ে পড়া, বিনষ্টযোগ্য ঝুকিপূর্ণ অবস্থায় বিদ্যমান আছে। উক্ত গাছগুলো নিলামের মাধ্যমের বিক্রয়ের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ওসমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপ-২, শাখার স্মারক নং-উপ২/৪পি-১২৪/২০০৫/৩৮৫, ১৫/০৮/২০০৭খ্রি: তারিখে জারীকৃত পরিপত্র অনুযায়ী নিলামে বিক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। জরুরী ভিত্তিতে কমিটির সভা আহবানপূর্বক গাছ নিলাম কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিব, উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | জরুরী ভিত্তিতে গাছ নিলাম কার্যক্রম শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | কার্যভার ভাতা সংক্রান্ত | জাতীয় বেতন স্কেল-২০১৫ নং-এস.আর.ও-আইন/২০১৫, তারিখ: ১৫/১২/২০১৮ এর অনুচ্ছেদ ২২ মোতাবেক চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালন কালে মূল বেতনের ১০% হারে সর্বোচ্চ ১৫০০/- টাকা কার্যভার ভাতা প্রদেয় হইবে মর্মে নির্দেশনা রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: ইসলাম উদ্দিন গত ডিসেম্বর/২০২৪ হতে উপজেলা পরিষদের প্রশাসক এর দায়িত্বভার পালন করছেন। সে মোতাবেক তিনি কার্যভার ভাতা প্রাপ্য হবেন বিধায় ডিসেম্বর ২০২৪ হতে এপ্রিল/২৫ পর্যন্ত সময়ের কার্যভার ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের প্রশাসক এর কার্যভার পালন করায় জনাব মো: ইসলাম উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গলকে মাসিক ১৫০০/- টাকা হারে কার্যভার ভাতা উপজেলা পরিষদের সম্মানী ভাতা খাত হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| ২০ | বিবিধ:০১ | সভায় জানানো হয়, জীবন রক্ষার্থে উন্নত চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদানের জন্য অঞ্জলী গোয়ালা, স্বামী: মৃত তাতু গোয়ালা, কাকিয়াছড়া চা বাগান নামক ব্যক্তির নিকট হতে আবেদন অত্র কার্যালয়ে পাওয়া গেছে। বিষয়টি খুবই মানবিক। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্য প্রদানের জন্য প্রস্তাব পেশ করেন। | বিস্তারিত আলোচনান্তে জীবন রক্ষার্থে উন্নত চিকিৎসার জন্য আর্থিক সহায়তা বাবদ ৫০০০/- টাকা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।৪।২৫

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২০ — তারিখ: ০৪/০৫/২০২৫

বিতরণ: কার্যার্থে।
১। উপজেলা...........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান.........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ মে ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২৯ মে ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি ডাঃ মোঃ জোবায়ের খান জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অনুপস্থিত থাকায় কৃষি বিভাগ সম্পর্কে আলোচনা হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসের চলমান কার্যক্রম সম্পর্কে আগামী সভায় অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, মৎস্য খামার, মৎস্য হ্যাচারী, খাদ্যের দোকান নিয়মিত পরিদর্শন ও লাইসেন্স প্রদানের কার্যক্রম চলমান আছে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৪-২৫ অর্থবছরের এডিপি প্রকল্পের আওতায় পিআইসি'র মাধ্যমে ৩নং শ্রীমঙ্গল ইউনিয়নের অন্তর্গত পূর্ব শ্রীমঙ্গল স্বপন বর্মনের বাসার পাশ হইতে বিনয় ধরের বাসার সামনা পর্যন্ত রাস্তা ইট সলিং কাজকরণ বাবদ ২০০০০০.০০ টাকার প্রকল্প কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বর্ণিত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় শিক্ষা বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় মাধ্যমিকশিক্ষা বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা (গম ও চাল) ১ম ও ২য় কিস্তি সর্বমোট চাল: ১২৩.৫৯৮২, গম: ১২৩.৫৯৮২ মে:টন এর বিপরীতে ২৭টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা (নগদ) ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ১,৭৩,০৩,৭৫০.৮৩ টাকার বিপরীতে ৬৫টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নগদ ১,৪৭,৯০,২৩১.০৫ টাকার বিপরীতে ১০৮টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয় হতে ৪,২০,০০০/- টাকার বিপরীতে ০২টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর বিভাগীয় কমিশনার মহোদয়ের কার্যালয় হতে ৪,০০,০০০/- টাকার বিপরীতে ০২টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ৩য় কিস্তিতে চাল ৪৯.৪৩৯ মে:টন এর বিপরীতে ০৭টি প্রকল্পের কাজ ৫০% সমাপ্ত হয়েছে এবং গম ৪৯.৪৩৯ মে:টন এর বিপরীতে ০৬টি প্রকল্পের কাজ ৫০% সমাপ্ত হয়েছে। কাবিটা নগদ ৮৬,৫১,৮৭৫.৪২ টাকার বিপরীতে ৩৬টি প্রকল্পের কাজ চলমান আছে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর ৩য় কিস্তিতে ৭৩৯৫১১৫.৫২ টাকার বিপরীতে ৫৩টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ১৭৮৬৯টি কার্ডের বিপরীতে ১০ কেজি হারে ১৭৮.৬৯০ মে:টন চাল বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অসমাপ্ত কাজ গুলো দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, উপজেলা পরিষদ হতে জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ইনজেকশন সিরিঞ্জ ক্রয়ের জন্য ২০০০০/-টাকার আর্থিক সহায়তা পাওয়া গেছে। উক্ত অর্থ দিয়ে ইনজেকশন সিরিঞ্জ ও ঔষধ সরবরাহ করা হয়েছে। তিনি প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান।<br><br>এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঔষধের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা আজকের সভায় অনুপস্থিত থাকায় উপজেলা সমাজসেবার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আজকের সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিতজনিত কারণে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি আগামী সভায় উপসিথত থাকার জন্য বলা হলো। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, পৌরসভার ২টি কেন্দ্রে ওএমএস এর চাল বিক্রয় চলমান রয়েছে।<br>এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত "শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন " কাজের চুড়ান্ত বিল অনুমোদনের প্রেক্ষিত ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ১৮ | ২০২৫-২০২৬ সালের উপজেলা পরিষদের বাজেট সংক্রান্ত | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি সকলকে বাজেট আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তিনি জানান, বাজেটে ২০২৫-২০২৬ অর্থ বছরে সম্ভাব্য রাজস্ব আয়, রাজস্ব ব্যয় এবং রাজস্ব উদ্বৃত্ত নিরূপন পূর্বক রাজস্ব বাজেট নির্ধারণ করা হয়েছে। অপরদিকে সম্ভাব্য উন্নয়ন আয় এবং উন্নয়ন ব্যয় নিরূপন পূর্বক উন্নয়ন বাজেট নির্ধারণ করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট "খ" মোতাবেক ২০২৫-২০২৬ সালের বাজেট সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯ | ভ্রমণ বিল সংক্রান্ত | সভায় জানানো হয়, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল ডিসেম্বর ২০২৫ হতে মে/২৫ মাস পর্যন্ত সময়ে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম দর্শন, পরিদর্শন করায় ভ্রমণ ভাতা বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ ভ্রমণভাতা বিষয়ে একমতপোষণ করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্রমণ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | বিবিধ:০১ | সভায় জানানো হয় যে, ১। উপজেলা পরিষদের অভ্যন্তরের মূলভবনের নিচতলার ১০১, ১০২, ১০৩নং কক্ষের দরজা, জানালা, নতুন ফ্যান সংযোজন এবং চায়ের ক্যান্টিনের দরজা, সম্মেলন কক্ষের ক্যান্টিন রুমের ফ্যান এবং বৈদ্যুতিক লাইন মেরামত, সম্মেলন কক্ষের নতুন ফ্যান ও এসি মেরামত করা প্রয়োজন।<br>২। উপজেলা পরিষদের ভবনগুলোর ছাদ পরিষ্কার এবং ড্রেণ পরিষ্কার করা খুবই প্রয়োজন।<br>৩। সিসি ক্যামেরার জন্য ০১টি নতুন মনিটর, নতুন ক্যাবল, ৮টি সিসি ক্যামেরা নতুনভাবে সংযোজন ৪। মালতি ভবন এবং ডরমেটরীতে অবস্থিত পুরাতন সাবমারসিবল পাম্প নষ্ট হওয়াতে জরুরী ভিত্তিতে ২টি সাবমারসিবল পাম্প ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করা হয়।<br>৫। উপজেলা পরিষদের কাজে ব্যবহৃত কম্পিউটারগুলোর বিভিন্ন যন্ত্রাংশ নষ্ট হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামতের জন্য সভায় প্রস্তাব করা হয়।<br>৬। প্রশাসক, উপজেলা পরিষদের জীপগাড়ী রাখার গ্যারেজের চালের টিন নষ্ট হওয়াতে গাড়ীর উপর গাছের ময়লা, বৃষ্টির পানি পড়ে গাড়ীর রং নষ্ট হয়ে যাচ্ছে এবং গেইট ভেঙ্গে যাওয়াতে দরজা লাগাতে কষ্ট হয়। গ্যারেজের টিন লাগানো এবং দরজা মেরামত করার প্রস্তাব করা হয়।<br>৭। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের জীপগাড়ী রাখার জন্য লোহার দরজা নষ্ট হয়ে যাওয়াতে তা মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে কাজগুলো দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ:০২ | সভায় জানানো হয় যে, শ্রীমঙ্গল উপজেলার কয়েকটি ইউনিয়ন হতে আর্থিক সহায়তা পাওয়ার জন্য আবেদন পাওয়া গেছে। বিষয়টি খুবই মানবিক। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

সভায় প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানদের নিয়মিতভাবে মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২১ তারিখ: ২২/০৬/২০২৫

বিতরণ: কার্যার্থে।

১। উপজেলা..........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## ৬ষ্ঠ উপজেলা পরিষদ জুন ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: ইসলাম উদ্দিন, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২৯ জুন ২০২৫ খ্রিঃ
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি ডা: মো: জোবায়ের খান বলেন, হাসপাতালে বর্জ্যগুলো নিষ্কাশন করা হয়েছে। হাসপাতালে জ্বর, সর্দি, মাথাব্যাথা নিয়ে প্রতিনিয়তই রোগী ভর্তি হচ্ছেন। পর্যাপ্ত পরিমাণ ঔষধ হাসপাতালে মজুদ আছে। হাসপাতালে বর্তমানে সার্জারীর চেয়ে নরমাল ডেলিভারী বেশি হচ্ছে। এছাড়া হাসপাতালেরর অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, পত্রপত্রিকা কিংবা ফেইসবুকে অনেক সময় দেখা যায় সরকারি হাসপাতালের ঔষধ নিয়ে বিভিন্ন সংবাদ পরিবেশিত হচ্ছে। শ্রীমঙ্গল স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে যেন এধরনের কোন ঘটনা না ঘটে এবং রোগীরা যাতে সঠিকভাবে সেবা পায় সেদিকে নজর রাখার জন্য অনুরোধ করা হয়। | নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান চালু রাখা এবং হাসপাতালে সেবা নিতে আসা রোগীরা সঠিক সেবা পাচ্ছে গ্রহণ করতে পারছে কিনা তা মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২৪-২৫ অর্থবছরের খরিফ-২ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে সার ও বীজ বিতরণ প্রণোদনা কর্মসূচীর ৩২১০ জনের তালিকা তৈরির কাজ শেষ হয়েছে। বীজ ও সার সংগ্রহের কাজ শেষ হলে জুলাই মাসের ১ম সপ্তাহের মধ্যে বিতরণ শেষ হবে। শিক্ষা প্রতিষ্ঠান/কৃষক সংগঠনের মধ্যে বিতরণের জন্য ২০০টি তালের চারা, ১২০টি নারিকেল চারার প্রণোদনা পাওয়া গেছে। আউশ ধান মাঠে দন্ডায়মান আছে এবং আমন ধানের বীজতলা শুরু হয়েছে। আগামী জুলাই/২০২৫ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১৫০০০ (পনের হাজার) বনজ,ফলজ ও ঔষধি চারা বিতরণের জন্য অনুরোধ জানান। তাছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের রাজস্ব/উন্নয়ন তহবিল হতে ১৫০০০ হাজার বনজ, ফলজ ও ঔষধি চারা বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নিবাহী ও উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসের চলমান কার্যক্রম সম্পর্কে আগামী সভায় অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জনাব সন্তোষ রঞ্জন দত্ত বলেন, ১৮/০৬/২০২৫খ্রি: তারিখে মৎস্য সম্পদ সংরক্ষণ ও সুরক্ষা আইন ১৯৫০ অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি) শ্রীমঙ্গল | নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে | উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মহোদয়ের উপস্থিতিতে বাষট্টি বিল জলমহালে মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে। মোবাইল কোর্ট চলাকালে ২০টি রং জাল, ২টি মশারী জাল আটক করা হয়েছে। ১টি মামলা দায়ের করা হয়েছে এবং এক হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে। আটককৃত মালামালের আনুমানিক মূল্য ৬০০০০/- (ষাট হাজার) টাকা। যাহা আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। এছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৫ | এলজিইডি | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৪-২৫ অর্থবছরের এডিপি ১৯টি প্যাকেজের মাধ্যমে শুরু হওয়া প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া এই অর্থবছরে কিছু অত্যাধুনিক কাজ করা হয়েছে যেমন: গোপেন্দ্রগঞ্জ আধুনিক বাজার, কলেজ রোড সুইপার কলোনী ৭তলা বিশিষ্ট আধুনিক বিল্ডিং, নতুন উপজেলা পরিষদ ভবন এবং শ্রীমঙ্গল ইউনিয়নে বিভিন্ন প্রাইমারী স্কুলের উন্নয়নমূলক কার্যক্রম সমাপ্তি পর্যায়ে রয়েছে।<br>তিনি নির্মাণাধীন চা কন্যা ভাস্কর্য সংলগ্ন তথ্য কেন্দ্র এর টাইলস এবং রং করার জন্য আগামী অর্থ বছরে একটি প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী আরো বলেন, আগামী ২০২৫-২৬ অর্থবছরে সম্মানীত চেয়ারম্যানগণের নিকট থেকে উন্নয়ন কার্যক্রম এর তালিকা পাওয়া গেছে অচিরেই যাচাই বাচাই করে পরবর্তী কার্যক্রম শুরু হবে। | ইউনিয়ন পর্যায়ের যে কোন প্রকল্প ইউনিয়ন পরিষদের মাধ্যমে গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল), শ্রীমঙ্গল |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গলের অনুপস্থিতির কারণে শিক্ষা বিভাগ নিয়ে কোন আলোচনা হয়নি। | আগামী সভায় অবশ্যই তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি পালনের জন্য এমপিও ভুক্ত ২৪টি ও ৫টি মাদ্রাসার মধ্যে ৫০০০/- টাকা করে অনুদান দেওয়া হয়েছে। মোট টাকার পরিমাণ ১,৪৫,০০০/- টাকা।<br>পিবিজি এর অধীনে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থীদের, এইচএসসি ২০২৪, এসএসসি ২০২৪ ও দাখিল ২০২৪ এসএসসি ভোকেশনাল ২০২৪ এর মধ্যে ১৮ জন শিক্ষার্থীদের মধ্যে শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার বিতরণ করা হবে। | বিদ্যালয় গুলোতে পরিদর্শন কার্যক্রম চালু রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীমঙ্গল, মৌ:বাজার |
| ০৮ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় দুর্যোগ ও ত্রাণ বিভাগ সম্পর্কে আলোচনা করা হয়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, দীর্ঘমেয়াদি পদ্ধতি যেমন আইইউডি (কপারটি) ও ইমপ্ল্যান্ট সরবরাহ বন্ধ থাকায় এই সেবাগুলো সাময়িক বন্ধ আছে। এছাড়া অন্যান্য সেবা যেমন: বড়ি, কনডম, ইনজেকশন ও স্থায়ী পদ্ধতি সেবা চালু আছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঔষধের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, চলতি ২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা, স্বামী নিগৃহীতা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা প্রাপ্ত বর্ধিত সংখ্যা অনুযায়ী তালিকা সভায় উপস্থাপন করা হয়। তালিকাং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের স্বাক্ষর রয়েছে। সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জানান যে তালিকা সঠিক রয়েছে এবং তালিকায় তারা স্বাক্ষর করেছেন। উক্ত তালিকা অনুমোদনের জন্য অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে বর্ধিত বয়স্ক ভাতা ১০৭১জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ১৮৩৪জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৫৭৭ জন এর তালিকা সভায় অনুমোদন করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, মহিলা উন্নয়ন অনুবিভাগের সুফলভোগী ৩০জন সদস্যকে নিয়ে একদিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ উত্তোলন কার্যক্রম আরো জোরদার করার জন্য অনুরোধ করা | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল |
| ১২ | উপ:ম:বিষয়ক কর্মকর্তা | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিতির কারণে মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | আগামী সভায় তথ্য সহ উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সমবায় বিভাগের আওতায় বর্তমান মাস পর্যন্ত নিবন্ধিত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা ১৭১টি (নিবন্ধিত)। সমিতিগুলোর অডিট, পরিদর্শন, ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণ ও যে কোন একটি কার্যক্রম নিয়ে সভা আহবান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কমকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | - | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা পক্ষে কৃষ্ণ গোপাল দেবনাথ বলেন, পৌরসভার ২টি কেন্দ্রে ওএমএস এর চাল বিক্রয় চলমান রয়েছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, মানসম্মত চাল গুদামজাত করা প্রয়োজন। উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br>এছাড়া খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | ওএমএস এর চাল বিক্রির কার্যক্রম চলমান এবং মানসম্মত চাল গুদামজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বলেন, বরাদ্দকৃত টিউবওয়েলের স্থাপন কাজ চলমান রয়েছে। তাছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজ নিয়মিত পরিদর্শন করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী, শ্রীমঙ্গল |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন ইউনিয়নের রাস্তার ধারে সোলার স্ট্রিট লাইট স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং কাজের চুড়ান্ত বিল ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সোলার স্ট্রিট লাইটগুলো সঠিক ভাবে আলো দিচ্ছে কিনা তা পরিদর্শন করার জন্য ইউডিএফ জাইকা অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ১৮ | বন বিভাগ | সভায় রেঞ্জ কর্মকর্তা বলেন, গত ১৫ মে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বন-১ অধিশাখা থেকে এক প্রজ্ঞাপনে বলা হয়েছে, পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে, জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণে ইউক্যালিপটাস ও আকাশমণিগাছের ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে৷ এসব গাছের পানি শোষণক্ষমতা বেশি, এগুলো মাটিকে রুক্ষ করে তোলে; তাই দেশের জীববৈচিত্র্য রক্ষায় এসব গাছের চারার পরিবর্তে দেশি প্রজাতির ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণের নির্দেশনা দেওয়া হয়েছে৷ | শ্রীমঙ্গল উপজেলার সকল নাসারী গুলোতে ইউক্যালিপটাস ও আকাশমনি গাছের চারা বিক্রি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রেঞ্জ কর্মকর্তা, শ্রীমঙ্গলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৯ | ভ্রমণ বিল সংক্রান্ত | সভায় জানানো হয়, প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল এর জুন/২৫ মাসে শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম দর্শন, পরিদর্শন করায় ভ্রমণ ভাতা বিল পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ ভ্রমণভাতা বিষয়ে একমতপোষণ করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্রমণ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | বিবিধ:০১ | সভায় জানানো হয় যে, ৪র্থ শ্রেণির ডরমেটরীর ৩নং ও ৪নং কক্ষের দরজা ও জানালা ভাঙ্গা থাকায় প্রতিনিয়তই চুরি হচ্ছে তাই দরজা এবং জানালা গুলো মেরামত করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ এবং মেরামত খাত হতে | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কাজগুলো দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী অফিসার |
| ২১ | বিবিধ:০২ | সভায় জানানো হয় যে, শ্রীমঙ্গল উপজেলার কয়েকটি ইউনিয়ন হতে আর্থিক সহায়তা পাওয়ার জন্য আবেদন পাওয়া গেছে। বিষয়টি খুবই মানবিক। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্য প্রদানের বিষয়ে প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

সভায় প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানদের নিয়মিতভাবে মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসলাম উদ্দিন)
প্রশাসক
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২৬ তারিখ: ১০/০৭/২০২৫

বিতরণ: কার্যার্থে।
১। উপজেলা..........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

১০/৭/২৫
(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার